Sl. No.	Particulars	Quarter ended December 31, 2023 (Unaudited)	Quarter ended September 30, 2023 (Unaudited)	Quarter ended December 31, 2022 (Unaudited)	Nine Months ended December 31, 2023 (Unaudited)	Nine Months ended December 31, 2022 (Unaudited)	Year ended March 31, 2023 (Audited)
1.	Total Income from Operations	43,967.74	32,317.92	47,178.36	109,056.42	110,641.41	162,941.42
2.	Net Profit / (Loss) for the period (before tax, Exceptional and / or Extra Ordinary items)	6,436.18	5,714.59	9,044.85	17,139.50	15,031.20	24,247.63
3.	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and / or Extra Ordinary items)	6,436.18	5,714.59	9,044.85	17,139.50	15,031.20	24,247.63
4.	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and / or Extra Ordinary items)	53,457.76	4,291.46	8,370.96	61,792.08	14,031.88	21,967.74
5.	Total Comprehensive income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and other Comprehensive income (after tax)]	56,165.28	3,572.53	11,611.76	64,607.67	13,761.76	20,715.12
6.	Equity Share Capital	976.71	976.71	976.71	976.71	976.71	976.71
7.	Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet)						80,006.48
8.	Earning Per Share (of Rs 10/- each) (not annualised)						
	1. Basic	353.15	35.35	71.47	421.04	120.50	193.68
	2. Diluted	353.15	35.35	71.47	421.04	120.50	193.68

Note :
The above is the extract of the detailed format of Consolidated Unaudited Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The detailed Financial Results and this extract were reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meetings held on February 03, 2024 The full format of the Consolidated Unaudited Financial Results are available on the Company's website. (http://www.wpil.co.in) and on the website of the BSE Limited (www.bseindia.com).

For and on behalf of Board of Directors
of WPIL Limited
Sd/-
P. AGARWAL
(Managing Director)
DIN : 00249468

Place : Kolkata
Date : February 03, 2024

কলকাতার এমএলএ হস্টেলে তৃণমূল বিধায়কের দেহরক্ষীর মৃতদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: কলকাতার এমএলএ হস্টেল থেকে তৃণমূল বিধায়কের দেহরক্ষীর মৃতদেহ উদ্ধার ঘিরে তীব্র চাঞ্চল্য ছড়াল বাঁকুড়ার সিমলাপাল এলাকায়। মৃতের নাম জয়দেব গরাই (৩৪)। বাড়ি সিমলাপাল থানা এলাকার মাচাতোড়া অঞ্চলের বাঁশি গ্রামে।

সূত্রের খবর, শনিবার সাত সকালেই পুরুলিয়ার বান্দোয়ানের তৃণমূল বিধায়ক রাজীবলোচন সরেনের নিরাপত্তারক্ষী জয়দেব গড়াইয়ের মৃতদেহ কলকাতার এমএলএ হস্টেলের ৪১৯ নং ব্যালকনির নীচে মাটিতে উবুর হয়ে পড়ে থাকতে দেখা যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন স্থানীয় থানার পুলিশ। পাশাপাশি আছেন ফরেনসিক টিমের বিশেষজ্ঞরা। পরে পুলিশের তরফে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। এদিন দুপুরে মৃত নিরাপত্তারক্ষী জয়দেব গড়াইয়ের সিমলাপালের বাঁশি গ্রামের বাড়িতে গিয়ে দেখা গেল পুরো গ্রামজুড়ে শোকের আবহাওয়া। আর কয়েকদিন পরেই তাঁর ছুটি পেয়ে বাড়িতে আসার কথা ছিল। তার আগেই সব শেষ। বিষয়টি মেনে নিতে পারছেন না পরিবারের লোকজন থেকে শুরু করে বন্ধু-বান্ধব ও এলাকার মানুষজন।

মৃত ওই নিরাপত্তারক্ষীর পরিবার সূত্রে খবর, ২০১২ সালে রাজ্য পুলিশে যোগদান করেন জয়দেব গড়াই। গত কয়েক বছর ধরে তিনি বান্দোয়ানের তৃণমূল বিধায়ক রাজীবলোচন সরেনের নিরাপত্তারক্ষী হিসেবে কাজ করছিলেন। বাড়িতে মা, স্ত্রী, আট বছরের এক ছেলে সহ কাকা-কাকিমারা রয়েছেন। এমএলএ হস্টেল একটি হাই সিকিউরিটি জোন। সেখানে কী ভাবে এই ধরনের ঘটনা ঘটল, তা নিয়ে প্রশ্ন তুলছেন মৃত জয়দেব গড়াইয়ের পরিবারের লোকজন।

তাঁর কাকিমা রিনা গড়াই, খুড়তুতো বোন ঋতু গড়াইয়ের দাবি, 'আমাদের জানানো হয়েছে দাদা পাঁচতলা থেকে ঝাঁপ দিয়ে মারা গিয়েছে, এই কথা আমরা বিশ্বাস করি না, ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত করা হোক।'

আসানসোল লোকসভার তৃণমূল প্রার্থী শত্রুঘ্ন সিনহাই, জানালেন মলয় ঘটক

নিজস্ব প্রতিবেদন, আসানসোল: দুয়ারে লোকসভা নির্বাচন। দিনক্ষণ ঘোষণা হওয়া সময়ের অপেক্ষা। এই মুহূর্তে কোন দলের কে প্রার্থী হবে সেই নিয়ে জল্পনা তুঙ্গে। শনিবার সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে মন্ত্রী মলয় ঘটক বললেন, 'এবারেও আসানসোল লোকসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হচ্ছেন শত্রুঘ্ন সিনহা।' মলয় ঘটক বলেন, 'শত্রুঘ্ন সিনহা একজন সাংসদ হিসেবে বিগত দিনে যে কাজ করে এসেছেন, সেই নিরিখে তাঁর জেতার ব্যবধান আরও বাড়বে।' শুক্রবার কলকাতার দলীয় বৈঠকে সর্বসম্মতিক্রমে তৃণমূলের প্রার্থী হিসেবে শত্রুঘ্ন সিনহার নাম ঘোষণা হয় বলে দাবি করেন মন্ত্রী মলয় ঘটক।

এই বিষয়ে আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পালের দাবি, 'জেতার পর থেকে সাংসদের দেখা পাওয়া যায়নি। উনি তো আসানসোলে একাধিক উড়ালপুলের নির্মাণের কথা বলেছিলেন। বলেছিলেন সাধারণ মানুষের জীবন জীবিকার জন্য যে যে সমস্যা আছে তা মিটিয়ে দেবেন। কিন্তু তিনি কোথায় থাকেন, কোথায় খান, কখন আসানসোলে আসেন শিল্পাঞ্চলবাসীরা কেউ জানে না।' অগ্নিমিত্রা পাল দাবি করেন, এবার লোকসভা ভোটে মোদিজির উদ্যোগে ভারতের উন্নয়ন দেখে নিশ্চিন্ত মনে জনগণ ইভিএমে পদ্মফুলে ছাপ দেবে। অগ্নিমিত্রার আক্ষেপ আজ দেশের মধ্যে সবথেকে নোংরা শহর হিসেবে চিহ্নিত আসানসোল অথচ সাংসদ নির্বিকার।

উল্লেখ্য, গত লোকসভা নির্বাচনে তৃণমূল প্রার্থী হয়ে শত্রুঘ্ন সিনহা তিন লক্ষের বেশি ভোটে জয়ী হন। সব মিলিয়ে বলা যায় লোকসভা ভোটের আগে রাজনৈতিক উত্তেজনার পারদ তুঙ্গে।

SBI

স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, সাউথ বেঙ্গল
জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭১
ফোন - (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স - (০৩৩) ২২৮৮ ৪৩০২, ই-মেল - sbi.15196@sbi.co.in

২০০২ সালের সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে নোটিশ

এতদ্বারা ঋণগ্রহীতাগণ : **শেখ মোহিত বাকস** অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ সুবিধার মূল এবং সুদ আদায়দানে ব্যর্থ হওয়ায় তাঁর ঋণ অ্যাকাউন্ট নন পারফর্মিং অ্যাসেটস (এনপিএ) শ্রেণিভুক্ত হয়েছে। উক্ত নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(২) ধারা অধীনে ইস্যু করা হয়েছে এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়েছিল, কিন্তু তা অবণ্টিত অবস্থায় ফিরে এসেছে ফলে এই নোটিশ মারফত অবগত করা হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ) এর নাম এবং ঠিকানা	সম্পত্তির বিস্তারিত/দায়বদ্ধ জামিনদত্ত সম্পদের ঠিকানা	নোটিশের তারিখ	এনপিএ তারিখ	বকেয়া পরিমাণ (নোটিশের তারিখ অনুযায়ী)
১.	**ঋণগ্রহীতা : শেখ মোহিত বাকস, পিতা শেখ মনসুর বাকস,** গ্রাম : খাড়ুই কোটবার, পো :খাড়ুইগড়, থানা : পটাশপুর, জেলা : পূর্ব মেদিনীপুর, পিন : ৭২১৪২৯। **এ/সি নং : ৩৬৯৩০৭৫৫৪৫৮ (এইচবিএল), ৩৬৯৭৯৪৯৫৬০৭ (সিসি), এবং ৩৯৪৮৮২১৮৩০১(জিইসিএল)**	জমি পরিমাণ ৪ ডেসিমেল এবং তদস্থিত ভবন, মৌজা : খারুই কোটবার, থানা : পটাশপুর, জেএল নং : ৮২, খতিয়ান নং (এলআর) ৬৬১ দাগন ২২৮। ১) ভল্যুম নং ২৪১, পৃষ্ঠা -১৪-১৭, দলিল নং ৬০৮০-২০০৬। ২) ভল্যুম নং ২৪১, পৃষ্ঠা ১৮-২২, দলিল নং ৬০৮১-২০০৬, **সম্পত্তি মোহিত বাকস, পিতা শেখ মনসুর বাকস, চৌহদ্দি :** উত্তরে : শেখ অহিতের সম্পত্তি, পূর্বে : শেখ সুকুরের সম্পত্তি, দক্ষিণে : শেখ রাইমত বক্সের সম্পত্তি, পশ্চিমে : শেখ মনসুর বক্স এর সম্পত্তি সমন্বিত।	২৮.১২.২০২৩	২৮.০২.২০২৩	২২,৭৭,০৫৬.২৯ টাকা **(বাইশ লাখ সাতাত্তর হাজার ছাপ্পান্ন টাকা এবং উনত্রিশ পয়সা) টাকা ২৮.১২.২০২৩ অনুযায়ী সুদ, (মোট বকেয়া এ/সি নং ৩৬৯৩০৭৫৫৪৫৮ (এইচবিএল), ১০,৫১,১১০.৩৯ (দশ লাখ একান্ন হাজার একশো দশ টাকা এবং উনচল্লিশ পয়সা), এবং মোট বকেয়া এ/সি নং ৩৬৯৭৯৪৯৫৬০৭ (সিসি) এর জন্য ১১,১৩,৬৪৯.০৪ (এগারো লাখ তেরো হাজার ছ'শো উনপঞ্চাশ টাকা এবং চার পয়সা) এবং মোট বকেয়া এ/সি নং ৩৯৪৮৮২১৮৩০১ (জিইসিএল) এর জন্য ১,১২,২৯৬.৮৬ (এক লাখ বারো হাজার দুশো ছিয়ানব্বই টাকা এবং ছিয়াশি পয়সা)।** আপনারা চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ, ব্যয়, শুল্ক, চার্জ ইত্যাদি আদায়দানে দায়বদ্ধ।

নোটিশের বিকল্প পরিষেবা হিসেবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত ঋণগ্রহীতাগণ এবং/বা জামিনদাতাগণকে (যেখানে প্রযোজ্য) সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে, ব্যর্থ হলে সংশ্লিষ্ট ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) অধীনে এই নোটিশের ৬০ দিনের পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।
ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে সংশ্লিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

আমাদের পূর্বের নোটিশ উল্লেখ্য পত্র নং বিআর/২৩-২৪/এসবিআই/০৯৭১২/১২৫ তারিখে ১৪.০৭.২০২৩ ইস্যুকৃত ২০০২ সালের সারফেসি আইন অধীনে বাতিল বলে গণ্য হবে

তারিখ : ০৪.০২.২০২৪
স্থান - কলকাতা

অনুমোদিত অফিসার
এসএআরবি সাউথ বেঙ্গল

মাধ্যমিক পরীক্ষার হলেই প্রসব যন্ত্রণা শিক্ষিকার

নিজস্ব প্রতিবেদন, চুঁচুড়া: মাধ্যমিক পরীক্ষার হলে প্রসব যন্ত্রণায় ছটফট করতে শুরু করলেন এক শিক্ষিকা। দ্রুত তাঁকে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেইখানেই আপাতত চিকিৎসাধীন তিনি। ঘটনাস্থল হুগলির চুঁচুড়ার খাদিনা মোড়। সেখানকার বাসিন্দা অর্পিতা মল্লিক। তিনি পেশায় একজন শিক্ষিকা। অন্তঃসত্ত্বা অবস্থাতেও তিনি তাঁর শিক্ষকতার ডিউটি পালন করছিলেন। মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীদের গার্ডের ডিউটি পড়ে তাঁর। পরীক্ষা শুরুর কিছুক্ষণ গার্ডও দেন তিনি। তবে হঠাৎই তিনি পরীক্ষার হলেই অসুস্থ হয়ে পড়েন। রক্তক্ষরণ শুরু হয় তাঁর। তড়িঘড়ি স্কুলের তরফে তাঁকে নিয়ে আসা হয় ইমামবাড়া হাসপাতালে।

হাসপাতাল সূত্রে খবর, ওই শিক্ষিকা হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর আল্ট্রাসোনোগ্রাফিক করার ব্যবস্থা চলছে। শেষ পাওয়া খবর অনুযায়ী, সুস্থই রয়েছেন ওই শিক্ষিকা। অর্পিতা মল্লিক বলেন, 'মাধ্যমিক পরীক্ষা ছিল। আমি গার্ড দিচ্ছিলাম। তখনই হঠাৎ করে ব্লিডিং শুরু হয়। সঙ্গে সঙ্গে আমায় হাসপাতালে নিয়ে আসা হয়। এখন একটু ভালো লাগছে। তবে পেটে যন্ত্রণা আছে।'



ট্রেনের ধাক্কায় মৃত্যু কিশোরীর

নিজস্ব প্রতিবেদন, কাটোয়া: সাত সকালে ট্রেনের ধাক্কায় মর্মান্তিক ভাবে মৃত্যু হল এক কিশোরীর। শনিবার ঘটনাটি ঘটেছে হাওড়া-কাটোয়া শাখায় সমুদ্রগড় নাদাই স্টেশনের মাঝামাঝি এলাকায়। মৃত ওই কিশোরীর নাম লক্ষ্মী হালদার, বয়স আনুমানিক ১৭। তার বাড়ি পূর্ব বর্ধমান জেলার নাদনঘাট থানার উপরহাটি গ্রামে।

স্থানীয় সূত্রে জানতে পারা যায়, যথাসময়ে খবর পেলেও অনেক দেরিতে দেহটি উদ্ধার করে জিআরপি কালনা। ঘটনার জেরে এলাকায় ছড়ায় তীব্র চাঞ্চল্য। শনিবার সকালে সম্ভবত ডাউন কাটোয়া-হাওড়া লোকাল ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই কিশোরীর। বিষয়টি নজরে আসতেই স্থানীয় মানুষজন এলাকায় ভিড় জমাতে শুরু করেন। পাশাপাশি খবর দেওয়া হয় কাছাকাছি সমুদ্রগড় স্টেশন ম্যানেজার ও জিআরপি কালনাকে।

অভিযোগ, খবর পেয়েও দেহ উদ্ধারে অনেকটাই দেরি করায় ডাউন লাইনে একের পর এক যাত্রীবাহী ট্রেন কিশোরীর ওপর দিয়ে চলে যাওয়ায় রেলের ভূমিকা নিয়ে উঠল প্রশ্ন। অপরদিকে দেহ অক্ষত থাকলেও একের পর এক দেহর ওপর দিয়ে ট্রেন চলে যাওয়ায় জিআরপি থেকে রেল দপ্তর, কোনও ভাবেই দায়িত্ব এড়িয়ে যেতে পারে না বলে স্থানীয়দের দাবি। ফলে রেল দপ্তরের অমানবিকতার নিদর্শন চাক্ষুষ করলেন ঘটনাস্থলে দাঁড়িয়ে থাকা এলাকার বাসিন্দারা।

পরীক্ষার্থীদের গোলাপ দিয়ে শুভেচ্ছা মন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: শনিবার দুপুর নাগাদ পূর্বস্থলী দক্ষিণ বিধানসভা কেন্দ্রের শ্রীরামপুর ভবতারিনী রায় গার্লস হাই স্কুলে মাধ্যমিক পরীক্ষা দিতে আসা পরীক্ষার্থীদের অভিভাবকদের সঙ্গে কথা বলে তাদের গোলাপ ফুল দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন মন্ত্রী স্বপন দেবনাথ। পাশাপাশি পরীক্ষা কেন্দ্রে কোনও সমস্যা হচ্ছে কিনা, সেই বিষয়গুলোরও এদিন খোঁজখবর নেন তিনি। মন্ত্রী স্বপন দেবনাথ জানান, জীবনের প্রথম বড় পরীক্ষায় সকলেই চায়, তারা ভালো ভাবে যাতে পরীক্ষায় পাশ করতে পারে।ত াদের অভিভাবকরাও চান ছেলেমেয়ে ঠিক মতো পরীক্ষা দিয়ে পাশ করুক। তিনিও ভগবানের কাছে সেই প্রার্থনাই করেছেন বলে জানিয়েছেন।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank — ইলাহাবাদ ALLAHABAD

দরপাড়া শক্তিপার শাখা
রাজীনগর, গ্রাম এবং পো. শক্তিপুর, মুর্শিদাবাদ
পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২১৬৩

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমোদিত অফিসার হিসেবে সংশ্লিষ্ট সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা অধীন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে **০৩.১১.২০২২** তারিখে **ঋণগ্রহীতা : মেসার্স রিম্পা অ্যান্ড সিম্পা এন্টারপ্রাইজেস, (স্বত্বা. শ্রী সুকল্যাণ নন্দী) বন্ধকদাতা/জামিনদাতা : শ্রী সুকল্যাণ নন্দী,** পিতা কার্তিক নন্দী এবং **বন্ধকদাতা/জামিনদাতা : শ্রী সজল নন্দী,** পিতা কার্তিক নন্দী, **দরপাড়া শক্তিপুর শাখা,** নোটিশে উল্লিখিত পরিমাণ **১৪,৩৬,২৯২.০০ টাকা (চোদ্দ লাখ ছত্রিশ হাজার দুশো বিরানব্বই টাকা) টাকা ০২.১১.২০২২** অনুযায়ী নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদাতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদাতা এবং সাধারণের প্রতি সাধারণভাবে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত বিস্তারিত মতে সম্পত্তির স্বত্ব দখল করেছেন **৩ ফেব্রুয়ারি ২০২৪** তারিখে।
ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদাতাকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করেন এবং কোনওরূপ লেনদেন ইন্ডিয়ান ব্যাঙ্ক, নিকট বকেয়া **১৪,৩৬,২৯২.০০ টাকা** (চোদ্দ লাখ ছত্রিশ হাজার দুশো বিরানব্বই টাকা) টাকা পরবর্তী সুদ সহ।
"ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে সারফেসি আইনের ১৩(৮) ধারা সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।"
স্থাবর সম্পত্তির বিবরণ : সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি অবস্থিত মৌজা : চৌরিগাছা, জেএল নং ৩৮, খতিয়ান নং এলআর ২১৯১, ২১৯০, আরএস ১৪২, প্লট নং এলআর ১৮৮৫, আরএস ১৮৮৫, জমির এরিয়া : ৩.০০ ডেসিমেল, থানা : বহরমপুর, জেলা : মুর্শিদাবাদ, পিন : ৭৪২৪০৫, দান দলিল নং ৫৩১০ তারিখ : ২২/০৭/২০২২,রেজিস্ট্রিকৃত এডিএসআর বহরমপুর, মুর্শিদাবাদ। **সম্পত্তি শ্রী সুকল্যাণ নন্দী এবং শ্রী সজল নন্দীর নামে। চৌহদ্দি :** উত্তরে : আদম হাজরার সম্পত্তি, দক্ষিণে : সনাতন বিশ্বাসের সম্পত্তি, পূর্বে : অবনী গোপাল নন্দীর সম্পত্তি, পশ্চিমে : ১৮ ফুট মেটাল রোড সমন্বিত।

তারিখ : ০৩.০২.২০২৪
স্থান : দরপাড়া শক্তিপুর

অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank — ইলাহাবাদ ALLAHABAD

শেখদীঘি শাখা
গ্রাম - রামনা, শেখদীঘি,
বানেশ্বর, তহ. রামনা,
মুর্শিদাবাদ, প.ব., পিন - ৭৪২২২৭

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **ইন্ডিয়ান ব্যাঙ্কের** অনুমোদিত অফিসার হিসেবে সংশ্লিষ্ট সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা অধীন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে **২৬.১০.২০২৩** তারিখে **ঋণগ্রহীতা : মেসার্স মা লক্ষ্মী এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী - শ্রীমতি দীপালি সাহা, ঋণগ্রহীতা/স্বত্বাধিকারী তথা জামিনদাতা : শ্রীমতি দীপালি সাহা,** স্বামী সুশীল কুমার সাহা, **জামিনদাতা তথা বন্ধকদাতা : শ্রী প্রদীপ সাহা,** পিতা সুশীল কুমার সাহা, **জামিনদাতা তথা বন্ধকদাতা : বন্দনা সাহা,** স্বামী শ্রী সুমিত সাহা, **জামিনদাতা তথা বন্ধকদাতা : সুদীপ সাহা,** পিতা শ্রী সুশীল কুমার সাহা ঠিকানা গোডাউন রোড, পো. রঘুনাথগঞ্জ, জেলা - মুর্শিদাবাদ, পিন - ৭৪২২২৫, পশ্চিমবঙ্গ, ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্ট - ৫০২৬০১৩২০৯৫ (সীমা ৩০ লাখ টাকা) জিইসিএলএস এ/সি ৭১৮১৫৫৯৯৭০ (সীমা ৯ লাখ টাকা) **শেখদীঘি শাখা,** নোটিশে উল্লিখিত পরিমাণ **৪১,২৪,৬৯৪.২৩ টাকা** (একচল্লিশ লাখ চব্বিশ হাজার ছশো চুরানব্বই টাকা এবং তেইশ পয়সা) টাকা **২৪.১০.২০২৩** অনুযায়ী নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতা এবং সাধারণের প্রতি সাধারণভাবে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত বিস্তারিত মতে সম্পত্তির স্বত্ব দখল করেছেন **৩ ফেব্রুয়ারি ২০২৪** তারিখে।
ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতাকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করেন এবং কোনওরূপ লেনদেন ইন্ডিয়ান ব্যাঙ্ক, নিকট বকেয়া **৪১,২৪,৬৯৪.২৩ টাকা** (একচল্লিশ লাখ চব্বিশ হাজার ছশো চুরানব্বই টাকা এবং তেইশ পয়সা) টাকা **২৪.১০.২০২৩** অনুযায়ী পরবর্তী সুদ সহ।
"ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে সারফেসি আইনের ১৩(৮) ধারা সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।"
স্থাবর সম্পত্তির বিবরণ : সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং তদস্থিত নির্মাণ মৌজা : রঘুনাথগঞ্জ, জেএল নং ০৬, জমির এরিয়া : ৬.৪০ ডেসিমেল, প্লট নং এলআর ৭৫২ এবং ৭৫৩, খতিয়ান নং আরএস ৩৪৬১ এবং এলআর ৫৩৩৫ এবং এলআর ৩৪৬২ এবং ৩৪৬৩, জমির শ্রেণি : বাড়ি, এইচ/এন ৫০৭/৪২১, গালাপট্টি, পো এবং থানা : রঘুনাথগঞ্জ, জেলা : মুর্শিদাবাদ, পিন : ৭৪২২২৫, পশ্চিমবঙ্গ, উল্লেখ্য স্বত্ব দলিল নং ২৩৬৭ তারিখ ২৮/০৫/২০০৭ এবং স্বত্ব দলিল নং ১০৭৫৩ তারিখ ২৯/১২/২০১৪, রেজিস্ট্রিকৃত এডিএসআর জঙ্গিপুর, **সম্পত্তি শ্রী সুদীপ সাহা এবং শ্রী প্রদীপ সাহা,** পিতা সুশীল কুমার সাহা এবং বন্দনা সাহা, স্বামী সুমিত সাহা। **সম্পত্তির চৌহদ্দি :** উত্তরে : অনিল হালদারের সম্পত্তি, দক্ষিণে : মিলন শীল, পূর্বে : বিমল মন্ডলের সম্পত্তি সমন্বিত।

তারিখ : ০৩.০২.২০২৪
স্থান : শেখদীঘি

অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক

টিটাগড় রেল সিস্টেমস লিমিটেড
(পূর্বেকার টিটাগড় ওয়াগনস লিমিটেড)
TITAGARH
রেজিস্টার্ড অফিস: পোদ্দার পয়েন্ট, ১১তম তল, ১১৩ পার্ক স্ট্রিট কলকাতা ৭০০০১৬
কর্পোরেট অফিস: টিটাগড় টাওয়ার্স ৭৫৬ আনন্দপুর, ই.এম-বাইপাস, কলকাতা-৭০০১০৭, **CIN: L27320WB1997PLC084819**
টেলি: ০৩৩-৪০১৯ ০৮০০, ফ্যাক্স: ০৩৩-৪০১৯ ০৮২৩, ই-মেল: corp@titagarh.in ওয়েবসাইট: www.titagarh.in

৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

(লক্ষ টাকায়)

	বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন						কনসোলিডেটেড					
		ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত	ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		৩১ ডিসেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৩ (অনিরক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২২ (অনিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২২ (অনিরীক্ষিত)	৩১ মার্চ, ২০২৩ (নিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৩ (অনিরক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২২ (অনিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২০২২ (অনিরীক্ষিত)	৩১ মার্চ, ২০২৩ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	৯৫,৪৬৭.৮৯	৯৩,৫৪৫.১৭	৭৬,৬৪০.২৮	২,৮০,০৮৮.৯২	১,৮০,৬৩১.৩৫	২,৭৮,০৫২.৯০	৯৫,৪৬৭.৮৯	৯৩,৫৪৫.১৭	৭৬,৬৪০.২৮	২,৮০,০৮৮.৯২	১,৮০,৫৩৭.৪৯	২,৭৭,৯৫৯.০৪
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর ও ব্যতিক্রমী দফা পূর্ব)	১০,০১১.১৫	৯,৪৮৮.৭১	৫,৪৬৪.৮৯	২৮,৫০৪.৯৬	১২,৯৮৭.৬১	২০,৫০৪.৭৬	১০,০২০.৬২	৯,৪৩৯.৪৮	৪,৭২৮.০৩	২৭,৮৮৫.৮৮	১১,৯৯৩.৭৭	১৯,০০৯.৭০
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব (ব্যতিক্রমী দফা পরবর্তী)	১০,০১১.১৫	৯,৪৮৮.৭১	৫,৪৬৪.৮৯	২৮,৫০৪.৯৬	৮,৩৬০.০৬	১৫,৮৭৭.২১	১০,০২০.৬২	৯,৪৩৯.৪৮	৪,৭২৮.০৩	২৭,৮৮৫.৮৮	১১,৯৯৩.৭৭	১৯,০০৯.৭০
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী দফা পরবর্তী)	৭,৫০২.৫৫	৭,০৮৯.৪৮	৩,৯২২.৮৪	২১,৩৪৯.২১	৫,০৩৫.৯০	১০,৩৩৬.৬৪	৭,৪৮২.২৫	৭,০৫৯.৩৭	৩,২৫৫.২৪	২০,৭১৯.৩৬	৭,৭৪৭.৯৯	১২,৫৭১.৬৩
৫	সময়কাল -এর জন্য মোট ব্যাপক আয় [এই সময়ের জন্য সমন্বিত লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)]	৭,৪৪৫.৬৩	৭,০৪৫.৪৭	৩,৬৬৮.১৮	২১,৩৫০.৮৮	৩,৯১৯.৪৫	৯,৩১৬.৫২	৭,৪৮৪.৩৭	৭,০০৩.২৯	৩,১৩৬.১২	২০,৭৭৬.৯৮	৬,৭৭৬.০১	১১,৫৭১.৯৩
৬	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন	২,৬৯৩.৪৭	২,৫৪৩.৪২	২,৩৯১.৪২	২,৬৯৩.৪৭	২,৩৯১.৪২	২,৩৯১.৪২	২,৬৯৩.৪৭	২,৫৪৩.৪২	২,৩৯১.৪২	২,৬৯৩.৪৭	২,৩৯১.৪২	২,৩৯১.৪২
৭	অন্যান্য ইক্যুইটি						৯৩,৯০০.৮১						৯৩,৯৬৩.৭৫
৮	শেয়ার প্রতি আয় (ইপিএস) (ফেস ভ্যালু প্রতিটি ২/- টাকা) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য)												
	মূল (*বার্ষিকীকৃত নয়)	৫.৮৩	৫.৬০	৩.২৮	১৭.০৮	৪.২১	৮.৬৪	৫.৮২	৫.৫৮	২.৭২	১৬.৫৭	৬.৮৬	১০.৮৯
	মিশ্রিত (*বার্ষিকীকৃত নয়)	৫.৮৩	৫.৬০	৩.২৮	১৭.০৮	৪.২১	৮.৬৪	৫.৮২	৫.৫৮	২.৭২	১৬.৫৭	৬.৮৬	১০.৮৯

দ্রষ্টব্য
১. উপরোক্তটি সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে পেশ করা ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের বিস্তারিত ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (**www.nseindia.com** এবং **www.bseindia.com**) এবং কোম্পানির ওয়েবসাইট (**www.titagarh.in**) -তে পাওয়া যাবে।
২. উপরের ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে ০২ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত তাদের সভায়।

স্থান: কলকাতা
তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২৪

ডিরেক্টরস বোর্ডের পক্ষে
অনিল কুমার আগরওয়াল
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও (ফ্রেইট রেল সিস্টেমস লিমিটেড)

ডব্লুপিআইএল লিমিটেড
WPIL
CIN: L36900WB1952PLC020274
রেজিস্টার্ড অফিস: "ট্রিনিটি প্লাজা", ৪র্থ তল, ৮৪/১এ, তপসিয়া রোড, (দক্ষিণ)
কলকাতা-৭০০ ০৪৬

৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাস সময়ের স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

(লাখ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		ডিসেম্বর ৩১, ২০২৩ (অনিরীক্ষিত)	সেপ্টেম্বর ৩০, ২০২৩ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২২ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২৩ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১,২০২২ (অনিরীক্ষিত)	মার্চ ৩১, ২০২৩ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	২৮,৬৫৫.৬৬	১৯,১৫২.২৮	২৯,৫৯৫.৭৯	৬৬,৬১৭.৬৭	৬৭,৭০৩.১৭	১০৩,৪১১.৫৪
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ববর্তী)	৫,৮৩২.৪৪	৩,১৫৯.৪৮	৬,৫৮৬.১৬	১১,৯৫৫.৪৭	১১,৪০৯.২৮	১৯,০১২.৬৮
৩	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	৫,৮৩২.৪৪	৩,১৫৯.৪৮	৬,৫৮৬.১৬	১১,৯৫৫.৪৭	১১,৪০৯.২৮	১৯,০১২.৬৮
৪	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	৪,০৫৯.৪৩	২,৩৪২.৬৬	৪,৮৬৮.১৬	৪,৬০৮.৩৩	৪,৪৩৯.৪১	১৪,৩০২.৮৮
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)]	৪,০৪৯.৩০	২,৩৩২.৫৩	৪,৮৬১.৮৭	৮,৫৭৭.৯৪	৮,৪২০.৫৮	১৪,২৬৬.০৪
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১
৭	মজুত (ব্যালান্স সীটে প্রদর্শিতমতো পুনর্মূল্যায়ণ মজুত ব্যতীত)						৬৪,৭২৫.৮২
৮	ইক্যুইটি শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়)						
	১. মৌলিক	৪১.৫৬	২৩.৯৯	৪৯.৮৪	৮৮.১৪	৮৬.৪১	১৪৬.৪৪
	২. মিশ্রিত	৪১.৫৬	২৩.৯৯	৪৯.৮৪	৮৮.১৪	৮৬.৪১	১৪৬.৪৪

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সম্পূর্ণ আর্থিক ফলাফল এবং এর সারাংশ অডিট কমিটি কর্তৃক পুনরীক্ষিত এবং ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত হয়েছে। স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট (http://www.wpil.co.in) এবং বোম্বাই স্টক এক্সচেঞ্জ (বিএসই) (www.bseindia.com) -তে।

ডব্লুপিআইএল লিমিটেড-এর
পরিচালন পর্ষদের পক্ষে
স্বা/-
পি. আগরওয়াল
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00249468

স্থান: কলকাতা
তারিখ : ০৩ ফেব্রুয়ারি, ২০২৪

ডব্লুপিআইএল লিমিটেড
WPIL
CIN: L36900WB1952PLC020274
রেজিস্টার্ড অফিস: "ট্রিনিটি প্লাজা", ৪র্থ তল, ৮৪/১এ, তপসিয়া রোড, (দক্ষিণ)
কলকাতা-৭০০ ০৪৬

৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাস সময়ের কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

(লাখ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			নয় মাস সমাপ্ত		বর্ষ সমাপ্ত
		ডিসেম্বর ৩১, ২০২৩ (অনিরীক্ষিত)	সেপ্টেম্বর ৩০, ২০২৩ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২২ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২৩ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১,২০২২ (অনিরীক্ষিত)	মার্চ ৩১, ২০২৩ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	৪৩,৯৬৭.৭৪	৩২,৩১৭.৯২	৪৭,১৭৮.৩৬	১০৯,০৫৬.৪২	১১০,৬৪১.৪১	১৬২,৯৪১.৪২
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ববর্তী)	৬,৪৩৬.১৮	৫,৭১৪.৫৯	৯,০৪৪.৮৫	১৭,১৩৯.৫০	১৫,০৩১.২০	২৪,২৪৭.৬৩
৩	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	৬,৪৩৬.১৮	৫,৭১৪.৫৯	৯,০৪৪.৮৫	১৭,১৩৯.৫০	১৫,০৩১.২০	২৪,২৪৭.৬৩
৪	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	৫৩,৪৫৭.৭৬	৪,২৯১.৪৬	৮,৩৭০.৯৬	৬১,৭৯২.০৮	১৪,০৩১.৮৮	২১,৯৬৭.৭৪
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)]	৫৬,১৬৫.২৮	৩,৫৭২.৫৩	১১,৬১১.৭৬	৬৪,৬০৭.৬৭	১৩,৭৬১.৭৬	২০,৭১৫.১২
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১	৯৭৬.৭১
৭	মজুত (ব্যালান্স সীটে প্রদর্শিতমতো পুনর্মূল্যায়ণ মজুত ব্যতীত)						৮০,০০৬.৪৮
৮	ইক্যুইটি শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়)						
	১. মৌলিক	৩৫৩.১৫	৩৫.৩৫	৭১.৪৭	৪২১.০৪	১২০.৫০	১৯৩.৬৮
	২. মিশ্রিত	৩৫৩.১৫	৩৫.৩৫	৭১.৪৭	৪২১.০৪	১২০.৫০	১৯৩.৬৮

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সম্পূর্ণ আর্থিক ফলাফল এবং এর সারাংশ অডিট কমিটি কর্তৃক পুনরীক্ষিত এবং ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত হয়েছে। কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট (http://www.wpil.co.in) এবং বোম্বাই স্টক এক্সচেঞ্জ (বিএসই) (www.bseindia.com) -তে।

ডব্লুপিআইএল লিমিটেড-এর
পরিচালন পর্ষদের পক্ষে
স্বা/-
পি. আগরওয়াল
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00249468

স্থান: কলকাতা
তারিখ : ০৩ ফেব্রুয়ারি, ২০২৪